



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

পরিসংখ্যান বিভাগ

১৭ ফাল্গুন, ১৪৩১  
তারিখঃ -----  
২ মার্চ, ২০২৫

পরিসংখ্যান বিভাগ সার্কুলার লেটার নং -০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও  
মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার।

**e-Banking and e-Commerce সংক্রান্ত বিবরণী Revised RIT এর মাধ্যমে মাসিক ভিত্তিতে দাখিল প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের e-Banking and e-Commerce বিবরণী সংক্রান্ত এসডি সার্কুলার নং-০৪ তারিখ ১২ নভেম্বর, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার অনুযায়ী শুধুমাত্র তফসিলি ব্যাংকসমূহ e-Banking and e-Commerce বিবরণী মাসিক ভিত্তিতে ডিসেম্বর, ২০১৮ হতে RIT (T\_ME\_M\_EBANKING\_ECOMMERCE) তে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিসংখ্যান বিভাগে দাখিল করছে। বাস্তবতার প্রেক্ষিতে, আধুনিক প্রযুক্তি নির্ভর আর্থিক খাতের গতিধারা নির্ণয়ে ও নতুন নতুন সেবার তথ্য/উপাত্ত তফসিলি ব্যাংকসমূহের পাশাপাশি এমএফএস প্রোভাইডার হতে সংগ্রহ করা আবশ্যিক। এ লক্ষ্যে, আলোচ্য RIT টি Revised করা হয়েছে এবং বিবরণীটি যথাসময়ে নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

- Revised RIT (T\_ME\_M\_EBANKING\_ECOMMERCE) টি বাংলাদেশ ব্যাংকের Website হতে সংগ্রহ করতে হবে।
- চলমান RIT টিতে সার্কুলার অনুযায়ী বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিলের পাশাপাশি Revised RIT অনুযায়ী মার্চ, ২০২৫ হতে আগস্ট, ২০২৫ পর্যন্ত ৬ মাসের তথ্যাদি পরবর্তী মাসের ১৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে এবং তৎপরবর্তী সময়ের জন্য চলমান RIT টি বিলুপ্ত বলে গণ্য হবে।
- সেপ্টেম্বর, ২০২৫ হতে শুধুমাত্র Revised RIT অনুযায়ী বিবরণী নিয়মিতভাবে উল্লেখিত ১৭ তারিখের পরিবর্তে ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(ড. নাগিস হাছিনা)  
পরিচালক (পরিসংখ্যান)  
ফোনঃ ৯৫৩০৫২৬